

3872

B.A. 4th Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-9

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

- ১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো : ২×১০=২০
- (ক) “শৈবলিনী তিনটি বৈ দেখিতেছে না।”—শৈবলিনী কী দেখছিল? সে তিনটির বেশি দেখতে পাচ্ছিল না কেন?
- (খ) “এই বিবাহের আট বৎসর পরে এই আখ্যায়িকা আরম্ভ হইতেছে”—কোন বিবাহ? ‘এই আখ্যায়িকা’ আরম্ভের সময়ে শৈবলিনীর বয়স কত ছিল?
- (গ) “আমি সেরাজউদ্দৌলা নহি—বা মীরজাফরও নহি”—বক্তার এরূপ বলার কারণ কী?
- (ঘ) লরেন্স ফস্টার কোথাকার কুঠিয়াল ছিল? সে বাংলাদেশে চাকরি করতে এসেছিল কোন দুঃখ ভুলতে?
- (ঙ) “পুরুষ মানুষের চক্ষু কেবল মাথার শোভার্থ—তাহাতে দেখিতে পায় না”—কে, কেন এমন কথা বলেছে?
- (চ) “এ বাঘের যোগ্য বাঘিনী বটে”—কার উক্তি? ‘বাঘিনী’টি কে?
- (ছ) “জগদীশ্বর! দুঃখ এত সুন্দর করিয়াছ কেন?”—কখন, কার উপলব্ধি?
- (জ) “গ্রাম হইতে বাহির হইলে বিস্তীর্ণ পঞ্চগ্রামের মাঠ”—পঞ্চগ্রামের মাঠের দৈর্ঘ্য ও প্রস্থ লেখো।
- (ঝ) “এহি গাঁও হামি তিন-তিন বার পুড়িয়েছি”—কোন গ্রাম কে পুড়িয়েছিল?
- (ঞ) “যে পাঁচহাত সান তোমার”—‘সান’ কথার অর্থ কী? কে পাঁচ হাত সান দিয়েছিল?
- (ট) “এ গ্রামের বধুদের সকলেই তাহাকে অভিসম্পাত দেয় ... কেবল দুটি বউয়ের বিরুদ্ধে সে এ অভিযোগ করিতে পারে না।”—বউ দুটি কে কে?
- (ঠ) “শিবনাথতলার নামডাক তো খুব আছে।”—কোন ব্যাপারে শিবনাথতলার নামডাক ছিল?
- (ড) কোন কোন অপরাধের কারণে দেবুকে গ্রেপ্তার করা হয়েছিল?
- (ঢ) ‘পৌষ-আগলানো পর্ব’-কী?
- (ণ) দেবনাথের স্ত্রীর নাম কী ছিল? সে মারা গেল কীভাবে?

৫×৪=২০

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

- (ক) “এদিকে যুদ্ধ লাগিয়া সব যেন উল্টাইয়া গেল।”—কোন যুদ্ধের কথা বলা হয়েছে? সেই যুদ্ধ গ্রামবাংলার জীবনে কী প্রভাব ফেলেছিল পাঠ্য উপন্যাস অনুসরণে লেখো। ১+৪=৫
- (খ) ‘গণদেবতা’ উপন্যাসের জগন ডাক্তার চরিত্রটির উপন্যাসগত উপযোগিতা আলোচনা করো। ৫
- (গ) ‘গণদেবতা’ উপন্যাসে জগন ডাক্তার ও দেবনাথের উদ্যোগে যে নবান্ন উৎসবের আয়োজন করা হয়েছিল তার পরিচয় দাও। ৫
- (ঘ) “বাল্য প্রণয়ে কোন অভিসম্পাত আছে।”—মন্তব্যটি কার? মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪=৫
- (ঙ) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে রমানন্দ স্বামীর চরিত্রটি অবতারণার সার্থকতা সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫
- (চ) ‘চন্দ্রশেখর’ উপন্যাসের ভীমা পুষ্করিণী কোন গ্রামে অবস্থিত ছিল? উপন্যাসে ভীমা পুষ্করিণীর গুরুত্ব আলোচনা করো। ১+৪=৫

৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

১০×২=২০

- (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসটিকে ঐতিহাসিক উপন্যাস বলা চলে কি না সে বিষয়ে তোমার অভিমত দাও। ১০

অথবা,

‘চন্দ্রশেখর’ উপন্যাসের প্রথম খণ্ডের পঞ্চম পরিচ্ছেদে বর্ণিত চন্দ্রশেখরের দ্বারা তাঁর গ্রন্থ দাহের তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

- (খ) ‘গণদেবতা’ উপন্যাসটিকে যথার্থ আঞ্চলিক উপন্যাস বলা চলে কি না তা বিশ্লেষণ করে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০

অথবা,

“‘গণদেবতা’ উপন্যাসের সব থেকে উজ্জ্বল চরিত্র দুর্গা”—মন্তব্যটি গ্রহণযোগ্য কি না বিচার করো। ১০
